যুগান্তর

তারিখ 19 JUN 2017

# পবিপ্রবির দুই প্রকৌশলীর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

**পটুয়াখালী প্রতিনিধি**

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের দুই তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো. ইউনুছ শরীফ ও আ. মোতালেব খানের বিরুদ্ধে জাল-জালিয়াতি ও ক্ষমতার অপব্যবহার করে সরকারের ২ কোটি ৭১ লাখ ৭২ হাজার ৬০৮ টাকা ৯টি কর্যাদেশের মাধ্যমে আত্মসাৎ করার অভিযোগে দক্ষিণ মুরাদিয়া গ্রামের গাজী মতিউর পটুয়াখালীর সিনিয়ার স্পেশাল জজ আদালতে একটি মামলা দায়ের করেন। মামলার বিবরণে জানা যায়, ২১/০৬/১৬ তারিখ থেকে ৩১/১২/১৬ তারিখ পর্যন্ত পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২ তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো. ইউনুছ শরীফ ও আ. মোতালেব খান ৯টি দরপত্র বিজ্ঞপ্তির দরপত্র আহ্বান করেন। ৯টি দরপত্রের কাজের মধ্যে রয়েছে, টিএসসির ২য় ও ৩য় তলা নির্মাণ, কেন্দ্রীয় জামে মসজিদের ১ম ও ২য় তলা নির্মাণ, এনএসভিএম ভবনের ৩য় তলা নির্মাণ, ছাত্রাবাস নির্মাণ, ছাত্রীনিবাস নির্মাণ, কালভার্ট ও রাস্তা নির্মাণ, আসবাবপত্র সবারাহ (কাঠ), আসবাবপত্র সবারাহ (স্টিল) ও পিকআপ গাড়ি সবারাহ। এসব দরপত্রে আসামিরা পরস্পর যোগসাজশে অবৈধভাবে লাভবান হওয়ার জন্য বিধি-বহির্ভূতভাবে ঠিকাদারকে জাল-জালিয়াতি ও ক্ষমতার অপব্যবহার করে ৯টি দরপত্রে বিভিন্ন সময় দুর্নীতি ও অনিয়মের মাধ্যমে সরকারের ২ কোটি ৭১ লাখ ৭২ হাজার ৬০৮ টাকা আত্মসাৎ করেছেন।

এর মধ্যে দরপত্র বিজ্ঞপ্তি নং-০১, সর্বনিম্ন দরদাতা মেসার্স আ. রশিদ মিয়া। যার দরপত্র মূল্য ২,৬৪,৬৭,৭০৩/৮০ টাকা। কম দরে না দিয়ে বেশি দরে মোসার্স স্টার লাইট সার্ভিসকে ৩,২৬,৬১,৯৭৫/২১ টাকা বিধি-বহির্ভূতভাবে কার্যাদেশ দিয়েছেন। এভাবে ৯টি দরপত্র থেকে সরকারের ৫১,৯৪,২৭১ টাকা অর্থিক ক্ষতি বা আত্মসাৎ করেন। দরপত্র বিজ্ঞপ্তি নং-০২, কাজের নাম কেন্দ্রীয় জামে মসজিদের ১ম ও ২য় তলা নির্মাণ। সর্বনিম্ন দরদাতা মেসার্স আবুল কালাম আজাদ। যার দরপত্র মূল্য ১,৫৩,১৫,০৫০/৭০ টাকা। ওই ঠিকাদার প্রতিষ্ঠানকে কার্যাদেশ না দিয়ে বেশি দরে মেসার্স অনিক ট্রেডিং কর্পোরেশনকে কার্যাদেশ প্রদান করে সরকারের ১৩,২৯,৩১৯/৩০ টাকার অর্থিক ক্ষতিসাধন বা আত্মসাৎ করেন। এছাড়া এসব কাজ যেসব ঠিকাদারি প্রতিষ্ঠানের নামে কার্যাদেশ দেয়া হয়েছিল তার মধ্যে তিনটি প্রতিষ্ঠানের সমকাজের অভিজ্ঞতার সনদ ছিল না এগুলো হল— মেসার্স সিটি সার্ভিস সেন্টার, মেসার্স গোপালদী ট্রেডার্স ও মেসার্স মুকুল টেকনোলজি। এসব প্রতিষ্ঠানের দরপত্র বিধি মোতাবেক বাতিলযোগ্য হলেও তাদের অনুকূলে কার্যাদেশ প্রদান করা হয়েছে। এ ব্যাপারে দুমকি উপজেলার দক্ষিণ মুরাদিয়া গ্রামের গাজী মতিউর রহমান ৪০৯/৪৬৭/৪৬৮/৪৭১/১৬১/১০৯ দণ্ডবিধি তৎসহ ১৯৪৭ সালে দুর্নীতি প্রতিরোধ আইনের ২নং ৫(২) ধারায় একটি মামলা দায়ের করে। যার মামলা নং ১/১৭, তারিখ ১৩-০৬-১৭। বাদীপক্ষে মামলাটি পরিচালনা করেন, দুদক পটুয়াখালীর পিপি অ্যাডভোকেট নেছার উদ্দিন। এ ব্যাপারে অভিযুক্ত দুই তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো. ইউনুছ শরীফ ও আ. মোতালেব খানের মোবাইল ফোনে কল দিয়ে এবং মেসেস পাঠিয়েও কোনো সারা পাওয়া যায়নি।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................
তারিখ.................
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর